প্রথম আলো

তারিখ 13 JUL 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# মেরিন টেকনোলজি শিক্ষার্থীদের বিক্ষোভ পরীক্ষা বর্জন

নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জের বন্দর উপজেলার সোনাকান্দায় বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজির ছাত্ররা ছয় দফা দাবিতে গতকাল রোববার সকালে পরীক্ষা বর্জন ও ভর্তির কার্যক্রম বন্ধ করে ক্যাম্পাসে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছেন।

ট্রেড কোর্সকে এইচএসসির সমমান বিবেচনা করে সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ, ডিপ্লোমা কোর্সধারীদের সরাসরি সমুদ্রগামী জাহাজে কাজ করার সার্টিফিকেট প্রদানসহ ছয় দফা দাবিতে ৫ জুলাই থেকে ছাত্ররা আন্দোলন করছেন।

গতকাল ইনস্টিটিউটে বিভিন্ন বর্ষের পরীক্ষা ছিল। এ ছাড়া দুই বছর মেয়াদি সার্টিফিকেট কোর্স ও চার বছর মেয়াদি ডিপ্লোমা কোর্সে ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ভর্তি শুরুর দিন ধার্য ছিল। ছাত্ররা পরীক্ষা বর্জন করে বিভিন্ন কক্ষে তালা ঝুলিয়ে দেন। ভর্তি হতে আসা ছাত্রদের কাছ থেকে ফরম ছিনিয়ে নেন তাঁরা।

ভর্তি হতে আসা বন্দর থানার ঘারমোড়া এলাকার রোমান অভিযোগ করেন, আন্দোলনরত ছাত্ররা ১২ জনের কাছ থেকে ফরম ছিনিয়ে নিয়েছেন। আন্দোলনরতরা ক্যাম্পাসে মানববন্ধন ও বিক্ষোভ করেন।

চতুর্থ বর্ষের ছাত্র তারেক হাসান ফাহাদ জানান, 'আমরা ছয় দফা দাবি আদায়ের জন্য আন্দোলন করছি। কিন্তু আমাদের যৌক্তিক দাবিগুলো মানা হচ্ছে না। তাই পরীক্ষা বর্জন ও ভর্তির সব কার্যক্রম বন্ধ করে দিয়েছি।'

বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজির অধ্যক্ষ কাজী মো. আলমগীর জানান, 'আমরা ছাত্রদের দাবির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে লিখিতভাবে জানিয়েছি।'